

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org,

E-mail : wbcuta@yahoo.in

সার্কুলার- ০৪/২০১৭

তারিখ : ০৫- ০১ -২০১৭

কনভেনর প্রাইমারী ইউনিট,ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

জরুরী সার্কুলার -২

প্রিয় সার্থী,

গত ৩০-১২-২০০৭ ‘জরুরী সার্কুলার’ মারফৎ আগামী ৭ জানুয়ারি, ২০১৭ নেতাজী ইনডোর স্টেডিয়াম-এ রাজ্য সরকার আহূত শিক্ষক কনভেনশনের বিষয়ে সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে আপনাদের ওয়াকিবহাল করেছিলাম। তারপর অনেকগুলি জেলার থেকে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন সহকর্মী বন্ধু এ বিষয়ে তাঁদের মূল্যবান মতামত দিয়েছেন।

আজ ৫ জানুয়ারি, ২০১৭ কর্মসমিতির জরুরী ভিত্তিতে ডাকা বৈঠকে এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর সর্বসম্মত সিদ্ধান্ত হয়েছে যে, অধ্যাপক সমিতি গত ২০ ডিসেম্বর কর্মসমিতির বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুসারে এই কনভেনশনে যোগ দেবে। যেহেতু ঐ কনভেনশনে আলোচনায় অংশ নেওয়ার ও মাননীয় মুখ্যমন্ত্রীর হাতে সমিতির পক্ষ থেকে স্মারকলিপি দেওয়ার সুযোগ পাওয়া বা না পাওয়ার বিষয়ে রাজ্য সরকারের কাছ থেকে কোন লিখিত বার্তা আসেনি তাই সরকারি আমন্ত্রণ কে গুরুত্ব দিয়ে আমরা উপরোক্ত কনভেনশনে যোগ দেওয়ার সিদ্ধান্ত পুনরায় গ্রহণ করলাম। আমরা আশা রাখি, রাজ্য সরকার উচ্চশিক্ষার গুণমান উন্নয়নের প্রশ্নে ডাকা উক্ত শিক্ষক কনভেনশনে পশ্চিমবঙ্গের কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সর্ববৃহৎ এই সংগঠনের মতামত নেওয়ার বিষয়টি অগ্রাধিকার দিয়ে বিবেচনা করবে।

অভিনন্দন সহ

প্রতিনাথ প্রহরাজ

(প্রতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক